
পশ্চিমবঙ্গকে জানো



পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের জন্য
সাধারণ জ্ঞানের অবশ্য পাঠ্য পুস্তক

পশ্চিমবঙ্গকে জানো

[সর্বাধুনিক ও নির্ভুল তথ্য সম্বলিত পশ্চিমবঙ্গের উপর
প্রথম সাধারণ জ্ঞানের বই]

[সংশোধিত সংস্করণ এপ্রিল-১৯৮৯]

স্বপনকুমার ভট্টাচার্য

টিচার্স কনসার্ন

প্রকাশক ও পুস্তক বিক্রেতা
৫/১, রমানাথ মজুমদার স্ট্রীট
কলকাতা-৭০০ ০০৯

প্রকাশিকা :
শ্রীমতী শোভারাণী ভট্টাচার্য
টিচার্স কনসার্ন
৫/১ রমানাথ মজুমদার স্ট্রীট
কলকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ : ডিসেম্বর ১৯৮৬
দ্বিতীয় সংশোধিত ও পরিমার্জিত সংস্করণ : জানুয়ারী ১৯৮৮
সংশোধিত ও পরিমার্জিত সংস্করণ : এপ্রিল ১৯৮৯

মূল্য : ছয় টাকা পঞ্চাশ পয়সা

মুদ্রাকর :
কৌশিককুমার মুদী
আদ্যাশ্রী প্রেস
১৩/১, বলাই সিংহ লেন
কলকাতা-৯

পশ্চিমবঙ্গকে জানো

আমরা কোন রাজ্যে বাস করি ?—পশ্চিমবঙ্গে।

পশ্চিমবঙ্গ নাম হল কেন ?—পূর্বে এই রাজ্যের নাম ছিল বঙ্গদেশ। ১৯৪৭ খ্রীষ্টাব্দের ১৫ই আগষ্ট ব্রিটিশ শাসিত ভারতবর্ষ ভাগ হয়ে স্বাধীনতা লাভ করে। এর ফলে ভারত ও পাকিস্তান নামে দুটি পৃথক রাষ্ট্রের সৃষ্টি হয়। এর ফলে আমাদের বঙ্গদেশও বিভক্ত হয়। বৃহৎ অংশ পূর্ববঙ্গ (অধুনা বাংলাদেশ) পাকিস্তানের অন্তর্ভুক্ত হয়। ক্ষুদ্র অংশটি পশ্চিমবঙ্গ ভারতের অঙ্গরাজ্য হিসেবে পরিচিত হয়।

এই রাজ্যের নাম বঙ্গদেশ হল কেন ?—পুরাকালে এই ভারতবর্ষে 'বলি' নামে এক রাজা ছিলেন। অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সুহ্ম, পুণ্ড্র নামে তাঁর পাঁচ পুত্র ছিল। তিনি পাঁচ পুত্রকে পাঁচটি জনপদের শাসনকর্তা নিযুক্ত করেন। তাদের নাম অনুসারে অঙ্গদেশ, বঙ্গদেশ, কলিঙ্গদেশ, সুহ্মদেশ ও পুণ্ড্রদেশ সৃষ্টি হয়। বিহারের ভাগলপুর জেলা প্রাচীন অঙ্গদেশ, উড়িষ্যার পুরী ও গঞ্জাম জেলা মিলে কলিঙ্গদেশ। বর্তমান বাংলাদেশের ঢাকা বিভাগ ছিল বঙ্গদেশ। সুহ্মদেশ বলতে রাঢ় দেশ অর্থাৎ সমগ্র বর্ধমান বিভাগ এবং পুণ্ড্রদেশ ছিল বর্তমান রাজসাহী জেলা (বাংলাদেশ) এবং পশ্চিমবঙ্গের উত্তরাংশ। এক সময় সমস্ত রাজ্য মিলে বঙ্গদেশ নামে পরিচিত হয়। আবার কালক্রমে বঙ্গদেশ চার অংশে বিভক্ত হয়। রাঢ়, বরেন্দ্রভূমি, বঙ্গ, সমতট। রাঢ়—অজয় নদের উভয় তীরে (বর্ধমান বিভাগ), বরেন্দ্রভূমি—উত্তরবঙ্গ (রাজশাহী বিভাগ), বঙ্গ—পদ্মা-মেঘনা বিধৌত অঞ্চল এবং সমতট—দক্ষিণ দিকের বঙ্গোপসাগরের উপকূল অঞ্চল। আবার এক সময় এই ভূ-ভাগগুলি গৌড় নামে পরিচিত হয়। তারপরে গৌড় নামও বাদ হয়ে যায় এবং ক্রমে বঙ্গ নামে এই দেশ সমধিক পরিচিত হয়।

বঙ্গদেশ বিভক্ত হয়েছিল কেন ?—রাজনৈতিক কারণে বঙ্গদেশের হিন্দু প্রধান এলাকা নিয়ে পশ্চিমবঙ্গ এবং মুসলমান প্রধান এলাকা নিয়ে পূর্ববঙ্গ এর সৃষ্টি হয়।

বাংলা ভাষা কি ভাবে সৃষ্টি হয়েছে ?—বৈদিক ভাষা ও সংস্কৃত ভাষা

থেকেই বাংলা ভাষার সৃষ্টি হয়েছে। অনুমান করা হয় পাল যুগেই বাংলা ভাষার উদ্ভব হয়েছে। আর্যগণের ভাষা কালক্রমে পরিবর্তিত হয়ে 'প্রাকৃত' রূপ গ্রহণ করে; এই প্রাকৃত ভাষার বিবর্তনেই বাংলা ভাষার সৃষ্টি। আদিতম বাংলা ভাষার একমাত্র নমুনা 'চর্যাপদ'।

মধ্যযুগের বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণ কীর্তন' নামক পদাবলী গ্রন্থ হইতেই বাংলা সাহিত্যের সুস্পষ্ট আরম্ভ।

বাংলা লিপির উদ্ভব কাল কবে?—আমরা যে বাংলা লিপির হরফগুলি ব্যবহার করি, সেগুলির উদ্ভব কাল হল পাল ও সেন যুগে।

প্রাচীন বঙ্গদেশের আয়তন কত?—২ লক্ষ ৪৫ হাজার বর্গমাইল।

প্রাচীন বঙ্গদেশের বিখ্যাত স্থানগুলি কী কী?—গৌড়, কর্ণসুবর্ণ, উদন্তপুর, তাম্রলিপ্ত, পুণ্ড্রবর্ধন, দণ্ডভুক্তি, সোমপুর, বিক্রমশীলা, বিক্রমপুর, লক্ষণাবতী, হরিকেল, সুহ্ম।

প্রাচীন বঙ্গদেশের মণীষী কে কে?—শশাঙ্ক, আচার্য ধর্মপাল, আচার্য শীলরক্ষিত, আচার্য দীপঙ্কর অতীশ শ্রীজ্ঞান, সন্ধ্যাকর নন্দী, চক্রপাণি দত্ত, সর্বানন্দ, জয়দেব, হলায়ুধ, অনিরুদ্ধ ভট্ট, ধোয়ী, শূলপাণি, শ্রীধর আচার্য, ধীমান ও বীটপাল, শীলভদ্র, গোপাল দেব, শান্তি রক্ষিত, আদিশূর।

পঞ্চ ব্রাহ্মণের নাম কী?—শ্রীহর্ষ, হান্দোড়, দক্ষ, ভট্টনারায়ণ, বেদগর্ভ।

পঞ্চ কায়স্থর নাম কী?—মকরন্দ ঘোষ, বিরাট গুহ, পুরুষোত্তম দত্ত, দশরথ বসু, কালিদাস মিত্র।

বঙ্গদেশের আদিবাসী কারা?—কোল, শবর, পুলিন্দ, হাড়ি, ডোম, চণ্ডাল।

বার ভুঁইঞা কাদের বলা হত?—মোঘল রাজত্বকালে বঙ্গদেশে যে বার জন ভূস্বামী স্বাধীনভাবে নিজ নিজ রাজ্যে রাজত্ব করতেন তাদের বার ভুঁইঞা বলা হত (১) বিষ্ণুপুরের হাম্বির মোল্লা, (২) চাঁদ প্রতাপের চাঁদ গাজী (৩) ভাওয়ালের ফজল গাজী (৪) তাহেরপুরের কংসনারায়ণ (৫) পুটিয়ার রামচন্দ্র (৬) ভূষণার মুকুন্দ রায় (৭) চন্দ্রদ্বীপের কন্দর্পনারায়ণ ৮) বিক্রমপুরের চাঁদ রায় (৯) ভুলুয়ার লক্ষ্মণমাণিক্য (১০) যশোরের প্রতাপাদিত্য (১১) দিনাজপুরের গণেশ ভাদুড়ী, (১২) খিজিরপুরের ঈশা খাঁ।

বঙ্গদেশের শেষ স্বাধীন হিন্দু রাজা কে ছিলেন?—লক্ষ্মণ সেন।

লক্ষণ সেনের কয়টি রাজধানী ছিল ?—তিনটি (১) লক্ষ্মণাবতী (২) বিক্রমপুর (৩) নবদ্বীপ।

সেনবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?—বল্লাল সেন।

পালবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?—ধর্মপাল।

বঙ্গদেশের শেষ স্বাধীন নবাব কে ছিলেন ?—নবাব মীরকাশিম।

বঙ্গদেশে সর্বপ্রথম দুর্গাপূজার প্রবর্তন কে করেন ?—১৪৮২ খ্রীষ্টাব্দে তাহেরপুরের কংসনারায়ণ।

পশ্চিমবঙ্গের সীমানা কতটা ?—পশ্চিমবঙ্গের উত্তরে—হিমালয়ের কোলে সিকিম ও ভুটান ; দক্ষিণে—বঙ্গোপসাগর ; পূর্বে—বাংলাদেশ ও অস্‌ম রাজ্য ; পশ্চিমে—বিহার, উড়িষ্যা ও নেপাল রাষ্ট্র।

ভৌগোলিক অবস্থান কি রূপ—পশ্চিমবঙ্গের অবস্থান ভারতের পূর্বাংশে প্রায় ২২ ডিগ্রী উত্তর অক্ষাংশ থেকে ২৭ ডিগ্রী উত্তর অক্ষাংশ এবং ৮৬ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ থেকে ৯০ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত।

আয়তন কত ?—৩২,৮০০ বর্গমাইল বা ৮৭, ৮৫৩ বর্গ কিঃ মিঃ। ভারতের ৪৫ ভাগের এক ভাগ।

জনসংখ্যা কত ?—১৯৮১ সালের লোক গণনানুযায়ী এই রাজ্যের জনসংখ্যা—৫৪, ৫৮০,৬৪৭. জনসংখ্যা (গ্রাম)—৪০,১৩৩, ৯২৬. জনসংখ্যা (শহর)—১৪, ৪৪৬,৭২১. জনসংখ্যা (তফসিলী)—১২,০০০,৭৬৮. জনসংখ্যা (আদিবাসী)—৩০,৭০,৬৭২।

রাজধানীর নাম কী ?—কলিকাতা।

প্রধান ভাষা কী ?—বাংলা ভাষা।

কয়টিবিভাগ ও কী কী ?—৩টি বিভাগ, ১৭টি জেলা (১) প্রেসিডেন্সি (২) বর্ধমান (৩) জলপাইগুড়ি।

কোন বিভাগে কয়টি জেলা ও কী কী ?—প্রেসিডেন্সি বিভাগে—৬টি জেলা (১) কলিকাতা (২) হাওড়া (৩) উত্তর ২৪ পরগণা (৪) দক্ষিণ ২৪ পরগণা (৫) নদীয়া (৬) মুর্শিদাবাদ। **বর্ধমান বিভাগে ৬টি** জেলা যথা (১) বর্ধমান (২) বাঁকুড়া (৩) বীরভূম (৪) হুগলী (৫) মেদিনীপুর (৬) পুরুলিয়া। **জলপাইগুড়ি বিভাগে ৫টি** জেলা যথা (১) জলপাইগুড়ি (২) দার্জিলিং (৩) কুচবিহার (৪) মালদহ (৫) পশ্চিম দিনাজপুর।

থানার সংখ্যা—৩৪৪।

পাকা রাস্তার দৈর্ঘ্য—১৪,২০০ কিঃ মিঃ।

জাতীয় সড়কের দৈর্ঘ্য—১৪৬৬ কিঃ মিঃ।

মোট চাষযোগ্য জমি—৫,৫৭৫ হাজার হেক্টর।

আবাদী জমির পরিমাণ কত?—১ কোটি ৭৩ লক্ষ (প্রায়)।

অনাবাদী জমির পরিমাণ কত?—২ লক্ষ একর (প্রায়)।

চাষের অযোগ্য পতিত জমির পরিমাণ কত?—৩৯ লক্ষ একর (প্রায়)।

মোট বনাঞ্চল?—১১,৮৬,০০০ হেক্টর।

বর্গাদারের সংখ্যা—১৩,৩৯,০০০ জন।

জলবায়ু কিরূপ?—উষ্ণ ও আর্দ্র।

বৃষ্টিপাতের বার্ষিক গড়—১৭৫ সেঃ মিঃ (প্রায়)।

কোন জেলায় সবচেয়ে বেশী ও কোন জেলায় সবচেয়ে কম লোক বাস করে?—বেশী—২৪ পরগণায়, কম—দার্জিলিং জেলায়।

প্রধান কৃষিজাত দ্রব্য কী কী?—ধান, পাট, গম, চা, ইক্ষু, তৈলবীজ।

কোন জেলায় পাহাড় আছে?—দার্জিলিং, বাঁকুড়া, পুরুলিয়া।

শৈল শহর কাকে বলে?—দার্জিলিংকে।

উষ্ণতম স্থান কোনটি?—আসানসোল।

কোন অঞ্চল সুন্দরবন অঞ্চল?—চব্বিশ পরগণার দক্ষিণ অংশের অরণ্যভূমি।

সুন্দরবন অঞ্চলের বনজ সম্পদ কী কী?—সুন্দরী গাছের বন, গরান, কেওড়া, গর্জন প্রভৃতি কাঠ এবং মধু, সুপারী, নারিকেল, খোল, হোগলা প্রভৃতি বনজ সম্পদ।

বনাঞ্চল কয়টি ও কী কী?—২টি, তরাই ও সুন্দরবন।

কোন অঞ্চল তরাই অঞ্চল?—দার্জিলিং, হিমালয়ের দক্ষিণ অংশের অরণ্যভূমি।

তরাই অঞ্চলের বনজ সম্পদ কী কী?—শাল, সেগুন, পাইন, দেবদারু, বেত, ফার, পারুল, ওক, বাঁশ প্রভৃতি।

প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত?—৫২,৮৮১ (প্রায়)।

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা কত?—৮০ লক্ষ ৪০ হাজার।

শিক্ষিতের সংখ্যা—পুরুষ ১৪,৩৯১,৮০৮ (৫০.৪০), মহিলা ৭৮,৮০,০৫৯ (৩০.৩৩)।

পশ্চিমবঙ্গে সাক্ষরতার হার—৪০.৮৮।

মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ?—৪৯৮৭টি, এর মধ্যে বালিকা বিদ্যালয় ১১১০টি।

মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা কত ?—৩১ লক্ষের অধিক।

উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা—১১১৯টি।

উচ্চমাধ্যমিক কলেজের সংখ্যা—২৭৮টি।

উচ্চ মাধ্যমিক ছাত্রছাত্রীর সংখ্যা—৩ লক্ষ ৬০ হাজারের উপর।

বিধিমুক্ত শিক্ষা কেন্দ্র কয়টি ?—১৮,২৬০টি তার মধ্যে বালিকাদের জন্য ৫,৫৫০টি।

ছাত্রছাত্রীর সংখ্যা কত ?—৪ লক্ষ ৬৯ হাজার। এর মধ্যে বালিকার সংখ্যা ২ লক্ষ ১৫ হাজার।

কলেজের সংখ্যা—৩২৮টি।

বয়স্ক শিক্ষা কেন্দ্র (কেন্দ্রীয়)—২৩টি

বয়স্ক শিক্ষা কেন্দ্র (রাজ্য)—২৮টি।

কয়টি বিশ্ববিদ্যালয় আছে ?—৯টি বিশ্ববিদ্যালয় আছে। (১) কলিকাতা (২) যাদবপুর (৩) বিশ্বভারতী (৪) বর্ধমান (৫) কল্যাণী (৬) উত্তরবঙ্গ (৭) রবীন্দ্রভারতী (৮) ডাঃ বিধানচন্দ্র রায় কৃষি বিশ্ববিদ্যালয় (নদীয়া) (৯) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় (মেদিনীপুর)।

হাসপাতালের সংখ্যা—৪০৯টি।

সহায়ক স্বাস্থ্য কেন্দ্র কয়টি ?—৮২০টি।

কয়টি মেডিকেল কলেজ আছে ?—৮টি, (১) কলিকাতা মেডিকেল কলেজ (২) আর, জি, কর মেডিকেল কলেজ (৩) নীলরতন সরকার মেডিকেল কলেজ (৪ ন্যাশনাল মেডিকেল কলেজ (৫) বাঁকুড়া মেডিকেল কলেজ (৬) বর্ধমান মেডিকেল কলেজ (৭) উত্তরবঙ্গ মেডিকেল কলেজ (৮) বহরমপুর মেডিকেল কলেজ।

যক্ষ্মা হাসপাতাল কোথায় কোথায় আছে ?—কলকাতা, যাদবপুর, কাঁচড়াপাড়া, মেদিনীপুর, ধুবুলিয়া, ব্যারাকপুর, চুঁচড়া, রাণাঘাট, জলপাইগুড়ি, কার্শিয়াং।

কয়টি ইঞ্জিনিয়ারিং কলেজ আছে?—৫টি, (১) শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (২) যাদবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (৩) খড়্গপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (৪) জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজ (৫) দুর্গাপুর ইঞ্জিনিয়ারিং কলেজ এছাড়া আরও কয়েকটি ইঞ্জিনিয়ারিং কলেজ হবার প্রস্তাব আছে।

উচ্চাঙ্গের কারিগরি শিক্ষালয় কোথায়?—খড়্গপুর আই, আই, টি (ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি)। এটা হিজলিতে অবস্থিত।

উচ্চতর ডাক্তারী ডিগ্রী, ডিপ্লোমা ও গবেষণা কোথায় হয়?—কলকাতার পোস্ট গ্রাজুয়েট কলেজ অব মেডিসিনে।

কলকাতায় হোমিওপ্যাথি মেডিকেল কলেজ কয়টি?—৫টি। (১) কলকাতা হোমিওপ্যাথি মেডিকেল কলেজ (২) ডি, এন, দে হোমিও-প্যাথি মেডিকেল কলেজ (৩) প্রতাপচন্দ্র মেমোরিয়াল হোমিওপ্যাথি মেডিকেল কলেজ (৪) মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি মেডিকেল কলেজ (৫) মেট্রোপলিটন হোমিও মেডিকেল কলেজ।

কলকাতায় আয়ুর্বেদ কলেজ কয়টি?—৩টি, (১) জে,বি রায়স্টেট আয়ুর্বে-দিক কলেজ (২) শ্যামাদাস বৈদ্য শাস্ত্রপীঠ (৩) অষ্টাঙ্গ আয়ুর্বেদিক কলেজ।

সাধারণ কারিগরি শিক্ষালয় কোথায় কোথায় আছে?—শ্রীরামপুর বেঙ্গল টেক্সটাইল ইনস্টিটিউট, বহরমপুর টেক্সটাইল ইনস্টিটিউট, কলেজ অব্ সিরামিক টেকনোলজি (কলিকাতা), বঙ্গীয় চর্মশিল্প প্রতিষ্ঠান (কলিকাতা), যাদবপুর পলিটেকনিক (কলিকাতা), গড়িয়াহাট ইনডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট (কলিকাতা)। এছাড়া টালিগঞ্জ, হাওড়া, হুগলী, কল্যাণী, দুর্গাপুরে আছে।

প্রধান প্রধান বি. টি. কলেজ কী কী?— (১) ডেভিডহেয়ার ট্রেনিং কলেজ, (২) বানীপুর বি. টি. কলেজ (৩) নিউ ব্যারাকপুর বি. টি. কলেজ। (৪) সাউথ ক্যালকাটা বি. টি. কলেজ (৫) এ. বি. টি. এ. বি. টি কলেজ।

শারীর শিক্ষা প্রশিক্ষণ—(১) বানীপুর (২) যোধপুর পার্ক (৩) কোচবিহারের দিনহাটায় (মহিলাদের) (৪) কল্যাণী।

গ্রন্থাগার কয়টি (সরকার নিয়ন্ত্রিত ও সরকার পোষিত)—১৭৬১টি।

পশ্চিমবঙ্গে কোথায় কোথায় অন্ধদের শিক্ষাদানের ব্যবস্থা আছে?—বেহালা, আড়িয়াদহ, খড়্গপুর, জলপাইগুড়ি, দুর্গাপুর ও নরেন্দ্রপুর।

মুকবধির বিদ্যালয় কয়টি ?—৩টি (১) কলিকাতা (২) রায়গঞ্জ (৩) কোচবিহার।

পশ্চিমবঙ্গে শ্রেষ্ঠ সাহিত্য পুরস্কার কী কী ?—রবীন্দ্র পুরস্কার, বঙ্কিম পুরস্কার, বিদ্যাসাগর পুরস্কার, অবনীন্দ্র পুরস্কার, শরৎ পুরস্কার।,

প্রধান প্রধান খনিজ দ্রব্য কী কী ?—কয়লা, লৌহ, অভ্র ও ম্যাঙ্গানীজ।

কোন কোন স্থানে লৌহ খনি আছে ?—বর্ধমানের রাণীগঞ্জ ও বরাকরে।

কোন কোন স্থানে কয়লা খনি আছে ?—বর্ধমানের রাণীগঞ্জ ও আসানসোলে।

প্রধান শিল্প কী কী ?—লৌহ, ইস্পাত, পাট, চা, বস্ত্রবয়ন, রেশম, মোটরগাড়ি, চামড়া, রবার, বাইসাইকেল, বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শিল্প, অ্যালুমিনিয়াম, কাগজ, কেমিক্যাল, কাঠ, কাঁচ, চিনি ও সার শিল্প।

পেট্রোকেমিক্যালস শিল্প কোথায় হয়েছে ?—হলদিয়ায়।

ইলেকট্রনিক্স কমপ্লেক্স্ কোথায় হয়েছে ? সল্টলেকে (৪০ একর)।

শিল্পের সংখ্যা—(রেজিষ্ট্রেশন) ৮৮টি, এর মধ্যে ৬৫টি পশ্চাৎপদ এলাকায়।

আধুনিক শিল্প কী কী ?—ট্রান্সফরমারওয়েল, ফ্লাক্স, ইয়ার্ন, স্কুটারস্, স্পঞ্জ আয়রন, মিডগেটকার্বন, ইলেকট্রোডস, হোয়াইট সিমেন্ট, সিঙ্গল সুপার ফসফেট।

কোথায় কোথায় লৌহ ও ইস্পাতের কারখানা আছে ?—বর্ধমান জেলার কুলটি, বার্ণপুর, ও দুর্গাপুরে।

কোথায় মোটর গাড়ি তৈরি হয় ?—হিন্দমোটরে (হুগলী জেলায়)

কোথায় বেণী তামাক উৎপন্ন হয় ?—কোচবিহারে।

ওয়াগন তৈরি হয় কোথায় ?—আগরপাড়ার টেক্সম্যাকোতে।

কোথায় কোথায় কাগজের কল আছে ?—টিটাগড়, কাঁকিনাড়া, নৈহাটি, শ্রীরামপুর, রানীগঞ্জ ও লেকটাউনে।

এক্স:পোর্ট প্র:সেসিং জোন কোথায় আছে ?—ফলতায়।

কোন কোন অঞ্চল তাঁতশিল্পের জন্য বিখ্যাত ?—শান্তিপুর, ধনেখালি, বেগমপুর, চন্দননগর, শ্রীরামপুর।

কোন কোন স্থান রেশম শিল্পের জন্য বিখ্যাত ?—মুর্শিদাবাদ, মালদহ, সিউড়ি ও বাঁকুড়া।

ধাতুশিল্পের জন্য কোন কোন স্থান বিখ্যাত ?—মেদিনীপুরের ঘাটাল, মুর্শিদাবাদের খাগড়া, বাঁকুড়ার বিষ্ণুপুর, বীরভূমের দুবরাজপুর এবং বর্ধমানের কাঞ্চননগর।,

কোন কোন অঞ্চলকে 'কলিকাতা শিল্পাঞ্চল' বলে ?—হুগলী নদীর উভয় তীরে, উত্তরে বাঁশবেড়িয়া হতে দক্ষিণে বিড়লাপুর পর্যন্ত ?

শিল্পোৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান কোথায় ? প্রথম মহারাষ্ট্র তারপরে পশ্চিমবঙ্গ।

রাষ্ট্রীয় শিল্প বিভাগের অধীনে কতটি শিল্প সংস্থা রয়েছে ? ৮টি—

১। দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড। ২। দুর্গাপুর কেমিক্যালস লিমিটেড। ৩। কল্যানী স্পিনিং মিলস লিমিটেড। ৪। ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার লিমিটেড। ৫। ইলেকট্রো মেডিক্যাল এ্যাণ্ড অ্যালায়েড ইণ্ডাস্ট্রিজ লিমিটেড। ৬। ওয়েস্টবেঙ্গল স্টেটওয়্যারহাউসিং করপোরেশন। ৭। ওয়েস্টবেঙ্গল অ্যাগ্রো ইণ্ডাস্ট্রিজ করপোরেশন লিমিটেড। ৮। ওয়েস্টদিনাজপুর স্পিনিং মিলস্ লিমিটেড।

কোথায় কোথায় চিনির কল আছে ?—নদীয়া জেলায় পলাশী ও বেলডাঙ্গা এবং বীরভূম জেলার আহমেদপুরে।

কোন শহরকে শিল্প নগরী বলে ?—হাওড়াকে।

কোন শহরকে ইস্পাত নগরী বলে ?—দুর্গাপুরকে।

কোথায় কোথায় স্বাস্থ্য-নিবাস আছে ?—দীঘা ও ঝাড়গ্রাম (মেদিনীপুর), ডায়মণ্ডহারবারের বকখালি (দঃ ২৪-পরগণা), আদ্রা (পুরুলিয়া) বক্রেশ্বর (বীরভূম), মুকুটমনিপুর (বাঁকুড়া) ও দার্জিলিং, কার্শিয়াং, কালিম্পং (দার্জিলিং)।

পশ্চিমবঙ্গের তীর্থস্থানগুলি কোথায়—হিন্দুদের—কালীঘাট, দক্ষিণেশ্বর, ঠনঠনিয়া, বেলুড়, রামকৃষ্ণমিশন, তারকেশ্বর, ত্রিবেণী, তারাপীঠ, বক্রেশ্বর, নবদ্বীপ, মায়াপুর, গঙ্গাসাগর।

মুসলমানদের—ঘুটিয়ারী শরিফ, হাটিয়ারী শরিফ, ও ফুরফুরা।

জৈনদের—পরেশনাথের মন্দির।

শিখদের—গুরুদ্বার (বড়বাজার, বাগমারি, ভবানীপুর)।

খৃস্টানদের—কলিকাতার বিভিন্ন গির্জা, ব্যাণ্ডেলচার্চ।

পশ্চিমবঙ্গের বড় মেলা কি কি ?—নদীয়ার নবদ্বীপ, শান্তিপুর, কোচবিহারে রাসের মেলা, তারকেশ্বরের গাজনের মেলা, ২৪ পরগণার গঙ্গাসাগর মেলা, ইছাপুরের ঝুলনযাত্রা, হুগলীর মাহেশের রথের মেলা, হাওড়ার রামরাজাতলায় রামঠাকুরের মেলা; বীরভূমের জয়দেব কেন্দুলীতে বাউলের মেলা, শান্তিনিকেতনের পৌষমেলা।

পশ্চিমবঙ্গে কি কি পূজা হয় ?—দুর্গাপূজা, কালীপূজা, সরস্বতীপূজা, জগদ্ধাত্রীপূজা, কার্তিকপূজা, লক্ষ্মীপূজা, মনসাপূজা, শীতলাপূজা, গণেশপূজা, শিবপূজা, সত্যনারায়ণ পূজা, সন্তোষীমাতার পূজা, বিশ্বকর্মা পূজা, শনি পূজা, বাসন্তীপূজা, অন্নপূর্ণা পূজা।

পশ্চিমবঙ্গে কি কি উৎসব হয় ?—হিন্দুদের—দোল উৎসব, জন্মাষ্টমী, ঝুলনযাত্রা, রথযাত্রা। মুসলমানদের—মহরম, ঈদ। শিখদের—গুরুনানক জন্মোৎসব। জৈনদের—মহাবীর জয়ন্তী। খ্রীষ্টানদের—বড়দিন।

সরকারি ছাপাখানা কোথায় আছে ?—আলিপুর, কাদাপাড়া, রাজভবন কোচবিহার ও দার্জিলিং-এ।

সরকারি দুগ্ধ দপ্তর কোথায় আছে ?—বেলগাছিয়া, হরিণঘাটা, দুর্গাপুর, বর্ধমান (সমবায় সংস্থার মাধ্যমে বিক্রয় করা হয়) ও কৃষ্ণনগর (শীঘ্রই চালু হবে)। এছাড়া ডানকুনির মাদার ডেয়ারী (কেন্দ্র ও রাজ্য যৌথ পরিচালনাধীন)।

পশু চিকিৎসা হাসপাতাল কয়টি ?—১০৬টি।

পর্যটক আবাস কয়টি ?—৪৪টি।

সবচেয়ে বড় স্টেডিয়াম কোনটি ?—সল্টলেকের যুব ভারতী ক্রীড়াঙ্গন, ১ লক্ষ ২০ হাজার দর্শকাসন।

নবনির্মিত চলচ্চিত্র কেন্দ্র কোনটি ?—নন্দন।

নবনির্মিত থিয়েটার মঞ্চ কোনটি ?—গিরিশমঞ্চ (বাগবাজার)

শাসন বিভাগের প্রধান কে ?—রাজ্যপাল।

রাজ্যপাল নিযুক্ত করেন কে ?—ভারতের রাষ্ট্রপতি।

রাজ্য বিধানসভার মোট সভ্য সংখ্যা কত ?—২৯৪ জন।

বিধানসভার সদস্যরা কিভাবে নির্বাচিত হন ? প্রাপ্তবয়স্ক জন সাধারণের ভোটে পাঁচ বছরের জন্য নির্বাচিত হন।

মন্ত্রীসভা গঠন করেন কে ?—সংখ্যাগরিষ্ঠ দলের নেতা।

মুখ্যমন্ত্রী কি ভাবে ঠিক করা হয় ?—সংখ্যাগরিষ্ঠদলের নেতাকে রাজ্যপাল মন্ত্রীসভা গঠনে আহ্বান করেন। এই নেতাই মুখ্যমন্ত্রীরূপে শপথ নেন। তাকে শপথ বাক্য পাঠ করান রাজ্যপাল স্বয়ং।

বিধানসভার সভাপতিকে কি বলা হয় ?—স্পীকার।

লোকসভায় কতজন সভ্য নির্বাচিত হন ?—৪২ জন।

রাজ্যসভায় কতজন সভ্য নির্বাচিত হন ?—১৭ জন।

রাজ্যের প্রধান কর্মচারী কে ?—মুখ্যসচিব।

জেলার শাসন কর্তা কে ?—জেলাশাসক (District Magistrate)

জেলার থানাগুলির প্রধান কে ?—পুলিশ সুপার (S. P.)

মহকুমার শাসনকর্তা কে ?—মহকুমা শাসক (S. D. O)

ব্লকের সংখ্যা কয়টি ?—৩৪১ টি

পৌর কেন্দ্র কয়টি ?—২৯১ টি

পশ্চিমবঙ্গের প্রধান শ্রমিক ইউনিয়ন কয়টি ?—৩টি ; (১) সি. আই. টি. উ. ২। আই. এন. টি. ইউ. সি। ৩। এ. আই. টি. ইউ. সি।

নতুন পঞ্চায়েত ব্যবস্থা কবে চালু হয় ?—১৯৭৮ সালের ৪ঠা জুন।

গ্রাম পঞ্চায়েতের সংখ্যা কত ?—৩,৩০৫ টি।

পঞ্চায়েত সমিতির সংখ্যা কত ?—৩৩৯ টি।

জেলা পরিষদের সংখ্যা কত ?—১৫ টি।

পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থা কিরূপ ?—পঞ্চায়েত ব্যবস্থার তিনটি স্তর আছে। (১) গ্রাম পঞ্চায়েত (২) পঞ্চায়েত সমিতি (৩) জেলা পরিষদ।

গ্রাম প্রধান কাকে বলে ?—গ্রাম পঞ্চায়েতর প্রধানকে।

পঞ্চায়েত সমিতির প্রধানকে কী বলে ?—সভাপতি।

সভাধিপতি কাকে বলে ?—জেলা পরিষদের সভাপতিকে।

পঞ্চায়েত সমিতির কাজ কী ?—গ্রামের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কার করা, জল নিকাশের ব্যবস্থা করা, ক্ষুদ্র ব্যবসায় অনুমতি দেওয়া, কর ধার্য ও আদায় করা পঞ্চায়েত সমিতির কাজ।

জেলা পরিষদের কাজ কী ?—জেলায় সামগ্রিক উন্নয়ন ও পঞ্চায়েত সমিতির কাজের তদারক করা।

উন্নয়ন সংস্থার প্রধানকে কী বলে ?—উন্নয়ন আধিকারিক (B.D.O.)

পশ্চিমবঙ্গের বিভিন্ন ডাকঘরের পিন কোড নম্বর

আসানসোল	৭১৩৩০১	আলিপুরদুয়ার	৭৩৬১২১
আরামবাগ	৭১২৬০১	আলিপুর	৭০০০২৭
বারাসাত	৭৪৩০০১	ব্যারাকপুর	৭৪৩২৭৬
হাওড়া	৭১১১০১	জলপাইগুড়ি	৭৩৫১০১
কাঁচরাপাড়া	৭৪৩০৪৫	কালিম্পং	৭৩৪৩০১
কল্যাণী	৭৪১২৩৫	খড়্গপুর	৭২১৩০১
কার্শিয়াং	৭৩৪২০১	বাঁকুড়া	৭২২১০১
বালুরঘাট	৭৩৩১০১	বসিরহাট	৭৪৩৪১১
বারুইপুর	৭৪৩৩০২	বাটানগর	৭৪৩৩১১
বেলুড়	৭১১২০২	বহরমপুর	৭৪২১০১
ভাটপাড়া	৭৪৩১২৩	ডায়মণ্ডহারবার	৭৪৩৩৩১
ক্যানিং	৭৪৩৩২৯	হুগলী	৭১২১০৩
চুঁচুড়া	৭১২১০১	কোচবিহার	৭৩৬১০১
রানাঘাট	৭৪১২০১	পুরুলিয়া	৭২৩১০১
পলাশী	৭৪১১৫৬	বসিরহাট	৭৪৩৪১১
শান্তিপুর	৭৪১৪০১	সিউড়ি	৭৩১১০১
কৃষ্ণনগর	৭৪১১০১	মুর্শিদাবাদ	৭৪২০৪৯
মালদহ	৭৩২১০১	মেদিনীপুর	৭২১১০১
নবদ্বীপ	৭৪১৩০২	বর্ধমান	৭১৩১০১
বোলপুর	৭৩১২০৪	বজবজ	৭৪৩৩১৯
বার্নপুর	৭১৩৩২৬	বনগাঁ	৭৪৩২৩৫
চিত্তরঞ্জন	৭১৩৩৩১	চন্দননগর	৭১২১৩৬
কাঁথি	৭২১৪০১	শান্তিনিকেতন	৭৩১২৩৫
দার্জিলিং	৭৩৪১০১	শিলিগুড়ি	৭৩৪৪০১
শ্রীরামপুর	৭১২২০১	তমলুক	৭২১৬৩৬
তারকেশ্বর	৭১২৪১০	দুর্গাপুর	৭১৩২১৩

জেলা পরিচয় :

কলিকাতা

কলিকাতার সীমানা কী ?—উত্তরে—সিঁথি, কাশীপুর ও ঘুঘুডাঙ্গা ; দক্ষিণে—টালিগঞ্জ, বেহালা, খিদিরপুর ; পূর্বে– সল্টলেক, বেলেঘাটা, তপসিয়া এবং পশ্চিমে—হুগলী নদী।

কলিকাতা নাম হল কেন ?—১৫৯৬ খ্রীস্টাব্দে সম্রাট আকবর রাজস্ব ব্যাপারে একটি নকসা তৈরী করেন। ঐ নকশায় কালিকাটা গ্রামের নাম দেখা যায়, কালিকাটা হতে ইংরেজি নাম ক্যালকাটা হইয়াছে।

কে গোড়াপত্তন করেন ?—১৬৯০ খ্রীস্টাব্দে সুতানুটি, কলিকাতা ও গোবিন্দপুর নামে তিনটি গ্রাম কিনে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্মাধ্যক্ষ জব চার্নক নামে এক ইংরেজ এই কলিকাতার গোড়াপত্তন করেন।

আয়তন কত ?—১০৪ বর্গ কিলোমিটার।

লোক সংখ্যা কত ?—৩২,৯১,৬৫৫ জন।

কতদিন ভারতের রাজধানী ছিল ?—১৯১১ খ্রীস্টাব্দ পর্যন্ত।

রাজধানী হিসাবে কলিকাতার বিশেষ গুরুত্বপূর্ণ সরকারি কার্যালয় কী কী ?—রাজভবন, রাইটার্স বিল্ডিং, লালবাজার, ভবানী ভবন, হাইকোর্ট, এ. জি. বেঙ্গল।

রাজভবন—রাজ্যপালের বাসভবন ও কার্যালয়।

রাইটার্স বিল্ডিং (মহাকরণ)– মুখ্যমন্ত্রী ও অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রীদের, বিভিন্ন দপ্তরের সচিব, বিভাগীয় প্রধান এবং পশ্চিমবঙ্গ পুলিশ বিভাগের প্রধান ও বড় বড় সরকারি কর্মকর্তাদের কার্যালয়। এছাড়া এখানে বিভিন্ন বিভাগের ছোট বড় অনেক কর্মচারি কাজ করেন। মূল কথা রাজ্যের প্রশাসন এখান থেকেই পরিচালিত হয়।

লালবাজার—কলিকাতা পুলিশের প্রধান কার্যালয়।

ভবানী ভবন—পশ্চিমবঙ্গ পুলিশের প্রধান কার্যালয় এবং অনেক সরকারি অফিস আছে। আলিপুরে অবস্থিত।

হাইকোর্ট—পশ্চিমবঙ্গের সর্বোচ্চ বিচারালয়।

এ. জি. বেঙ্গল—সরকারী দপ্তরের সমস্ত টাকা পয়সার হিসাব নিরীক্ষা এখান থেকে হয়।

খাদ্য দপ্তর কোথায়?—ফ্রি স্কুল স্ট্রীটে।

সেচ ভবন কোথায়?—সল্টলেকের করুণাময়ীতে।

বিকাশ ভবন কোথায়?—সল্টলেকের করুণাময়ীতে।

পূর্ত ভবন কোথায়?—সল্টলেকের করুণাময়ীতে।

ময়ূখ ভবন কোথায়?—সল্টলেকের করুণাময়ীতে।

উন্নয়ন ভবন?—সল্টলেকের করুণাময়ীতে।

কলিকাতার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলি কোথায়?—সল্টলেক (মাধ্যমিক থেকে), বি. টি. রোড (অষ্টম শ্রেণী পর্যন্ত) বেন্টিক ষ্ট্রীট (পোস্ট-গ্র্যাজুয়েট) খিদিরপুর (টেকনিক্যাল)।

প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অফিসগুলি কোথায়?—রাইটার্স বিল্ডিং, ভবানী দত্ত লেন, নিউ সেক্রেটারিয়েট, কাউন্সিল হাউস ষ্ট্রীট।

মধ্যশিক্ষা পর্ষদ কোথায়?—কলকাতার পার্ক ষ্ট্রীটে।

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ কোথায়? সল্টলেকের বিকাশভবনে।

রাজভবন নির্মাণ হয় কবে?—১৭৯৯ থেকে ১৮০৩ খ্রীষ্টাব্দের মধ্যে।

কালীঘাটের মন্দির কে নির্মাণ করেন? সাবর্ণ চৌধুরী বংশ ১৭০৯ খ্রীস্টাব্দে।

মেডিকেল কলেজ কবে প্রতিষ্ঠিত হয়?—১৮৩৫ খ্রীষ্টাব্দে।

কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?—১৮৫৭ খ্রীষ্টাব্দে।

সর্বপ্রথম বেসরকারি কলেজের নাম কী?—১৮১৭ খ্রীষ্টাব্দের হিন্দু কলেজ।

কবে প্রথম বিদ্যুতের আলো এসেছিল?—১৮৯০ খ্রীষ্টাব্দের ৩০ শে মে।

কবে প্রথম ট্রাম চালু হয়?—১৮৭৩ খ্রীষ্টাব্দে।

কবে প্রথম মোটর বাস চলে?—১৯২৫ খ্রীষ্টাব্দে।

জি. পি. ও (জেনারেল পোষ্ট অফিস) কবে প্রতিষ্ঠিত হয়? ১৮৬৮ খ্রীষ্টাব্দে।

ফোর্ট উইলিয়াম কবে প্রতিষ্ঠিত হয়?—১৭৭৩ খ্রীষ্টাব্দে।

প্রাচীন গির্জা কোনটি?—সেন্ট জন চার্চ (১৭৬১)।

কলিকাতা কর্পোরেশন কে প্রতিষ্ঠা করেন ? – ১৯২৪ খ্রীষ্টাব্দে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

হাইকোর্ট কবে স্থাপিত হয় ? – ১৮৭২ খ্রীষ্টাব্দে।

হিন্দু হোস্টেল কবে স্থাপিত হয় ? – ১৮৮৬ সালে।

কর্পোরেশনের সর্বপ্রথম মেয়র কে ?— দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ।

কর্পোরেশনের কর্মকর্তা ও প্রধান পরিচালককে কি বলে ?– মেয়র ও কমিশনার।

ক'জন কাউন্সিলার আছেন ? -১৪১ জন।

কয়টি পৌরওয়ার্ড আছে ? ১৪১ টি

চিকিৎসা কেন্দ্রগুলি কী কী ?—(১) মেডিকেল কলেজ হাসপাতাল (২) আর. জি. কর হাসপাতাল (৩) নীলরতন সরকার হাসপাতাল (এন আর. এস.) (৪) এস. এস. কে. এম হাসপাতাল (পি. জি.) (৫) শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল (৬) ইসলামিয়া হাসপাতাল (৭) মেয়ো হাসপাতাল (৮) মাড়োয়ারি হাসপাতাল (৯) আই ডি, হাসপাতাল, (১০) লেডি ডাফরিন হাসপাতাল (১১) বিশ্বনাথ আয়ুর্বেদিক হাসপাতাল (১২) যাদবপুর যক্ষ্মা হাসপাতাল (১৩) চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল (১৪) ভাঙ্গর হাসপাতাল (১৫) ন্যাশনাল মেডিকেল কলেজ (চিত্তরঞ্জন) হাসপাতাল (১৬) বিদ্যাসাগর হাসপাতাল (১৭) ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতাল (১৮) ক্যালকাটা হাসপাতাল। (১৯) স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন।

কলিকাতার দর্শনীয় বস্তু কী কী ? (১) কালীঘাটের কালী মন্দির (২) ইডেন গার্ডেন (৩) শহীদ মিনার (৪) আকাশবাণী ভবন (৫) মিউজিয়াম (৬) ঝিলমিল উদ্যান (সল্টলেক) (৭) বিড়লা তারামণ্ডল (৮) ভিক্টোরিয়া মেমোরিয়াল হল (৯) দক্ষিণেশ্বরের কালী মন্দির (১০) গড়ের মাঠ (১১) চিড়িয়াখানা (১২) হাইকোর্ট (১৩) রাজভবন (১৪) রবীন্দ্র সেতু (১৫) জোড়াসাঁকোর ঠাকুর বাড়ি (১৬) রবীন্দ্র সদন (১৭) ফোর্ট উইলিয়াম (১৮) রবীন্দ্র সরোবর চিল্ডেন পার্ক (১৯) পরেশনাথের মন্দির (২০) বিধান শিশু উদ্যান (২১) নেহরু চিলড্রেন মিউজিয়াম (২২) রেস কোর্স (২৩) কলিকাতা বিমান বন্দর (২৪) মহাজাতি সদন (২৫) রাইটার্স বিল্ডিং (২৬) বসু বিজ্ঞান মন্দির (২৭) জেনারেল পোস্ট অফিস (২৮) পাতাল রেল (২৯) বোটানিক্যাল

গার্ডেন (৩০) বিড়লা মিউজিয়াম (৩১) ন্যাশনাল লাইব্রেরী (৩২) নন্দন চলচ্চিত্র কেন্দ্র (৩২) গিরিশ মঞ্চ (৩৩) যুব ভারতী ক্রীড়াঙ্গন (৩৪) সেন্টপলস গির্জা (৩৫) বিধানসভা ভবন (৩৬) বিড়লা মন্দির (তৈরী হচ্ছে) (৩৭) হর্টিকালচার গার্ডেন (৩৮) গ্র্যাণ্ড হোটেল (৩৯) সুভাষ সরোবর (৪০) আউট-রাম ঘাট (৪১) ইসকনের কৃষ্ণ মন্দির (৪২) খিদিরপুর ডক (৪৩) রামকৃষ্ণ মিশন ইনষ্টিটিউট অব কালচার (৪৪) নিউমার্কেট (৪৫) কলিকাতা বিশ্ববিদ্যালয় (৪৬) রির্জাভ ব্যাঙ্ক (৪৭) দূরদর্শন কেন্দ্র (৪৮) লালবাজার (৪৯) নিউথিয়েটার্স স্টুডিও ৫০) ললিত কলা অকাদমী (৫১) মার্বেল প্যালেস।

কলকাতার উড়ালপুল কয়টি ?—২টি (১) শিয়ালদহ (২) ব্রাবোর্ন রোড।

কলকাতার সেতু কী কী ?—অরবিন্দ সেতু, হেমন্ত সেতু, রবীন্দ্র সেতু, ঢাকুরিয়া ব্রীজ, বিজন সেতু, চেতলা যতীন দাস ব্রীজ, জিরাট সেতু।

কলকাতায় কয়টি থানা আছে ?—৩৫টি।

কলকাতার প্রধান খেলার মাঠ কী কী ?—যুব ভারতী ক্রীড়াঙ্গন, নেতাজী ইনডোর স্টেডিয়াম, রবীন্দ্র সরোবর, ইডেন উদ্যান।

কলকাতার বিখ্যাত ক্লাবগুলি কী কী ?—(১) ইস্টবেঙ্গল (২) মোহন বাগান (৩) মহামেডান স্পোর্টিং।

ইস্টার্ন বাইপাস কোথায় ?—কলকাতার সল্টলেক থেকে গড়িয়া পর্যন্ত বিস্তৃত।

ভি আই পি রোড কতদূর পর্যন্ত বিস্তৃত ? - উল্টাডাঙ্গা থেকে দমদম বিমানবন্দর পর্যন্ত।

কলকাতার বিশিষ্ট কলেজগুলি কী কী ?—(১) সেন্ট জেভিয়ার্স কলেজ (২) প্রেসিডেন্সি কলেজ (৩) গোয়েঙ্কা কলেজ অব কর্মাস (৪) সংস্কৃত কলেজ (৫) লেডি ব্রাবোর্ন কলেজ (৬) বেথুন কলেজ (৭) মৌলানা আজাদ কলেজ (৮) বিধান নগর কলেজ (৯) বিদ্যাসাগর কলেজ (১০) সুরেন্দ্রনাথ (রিপন) কলেজ (১১) সিটি কলেজ (১২) আশুতোষ কলেজ (১৩) বাসন্তী দেবী কলেজ (১৪) চারুচন্দ্র কলেজ (১৫) বঙ্গবাসী কলেজ (১৬) শেঠ সুরজমল জালান কলেজ (১৭) জয়পুরিয়া কলেজ (১৮) মণীন্দ্র চন্দ্র কলেজ (১৯) স্কটিশ চার্চ কলেজ (২০) উইমেন্স কলেজ (২১) চারুচন্দ্র কলেজ

(২২) গুরুদাস কলেজ (২৩) বি, কে, সি, কলেজ (২৪) মতিঝিল কলেজ (২৫) সরোজিনী নাইডু কলেজ (২৬) বেহালা কলেজ (২৭) মুরলীধর গার্লস কলেজ (২৮) নেতাজীনগর কলেজ (২৯) দীনবন্ধু এণ্ড্রুজ কলেজ (৩০) ঠাকুরপুকুর কলেজ (৩১) খিদিরপুর কলেজ (৩২) সেন্টপল্স কলেজ (৩৩) নিউ আলিপুর কলেজ (৩৪) ভৈরব গাঙ্গুলী কলেজ (৩৫) ভবানীপুর এডুকেশন সোসাইটি। (৩৬) চারুচন্দ্র ইভ্নিং কলেজ (৩৭) বেহালা কলেজ অব্ কমার্স।

কলকাতায় প্রথম পাকা রাস্তা তৈরী হয় কবে?—প্রথম পাকা রাস্তা সার্কুলার রোড তৈরী আরম্ভ হয় ১৭৪২ সালে এবং ১৭৮০ সালে শেষ হয়।

কলকাতার জমিদারী স্বত্ব কত টাকায় কেনা হয়?—১২০০ টাকায় ইংরেজরা কেনে।

ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ হয় কবে?—দুর্গের কাজ আরম্ভ হয় ১৭৫৮ সালে শেষ হয় ১৭৭৩ সালে।

রাইটার্স বিল্ডিং তৈরী হয় কবে?—১৭৮০ খ্রীষ্টাব্দে।

মনুমেণ্ট তৈরী হয় কবে?—১৮১৫ খ্রীষ্টাব্দে। এখন এর নাম শহীদ মিনার।

হগ মার্কেট তৈরী হয় কবে?—স্যার স্টুয়ার্ট ১৭৮৪ সালে হগ মার্কেট নির্মাণ করেন।

বোটানিক্যাল গার্ডেন তৈরী হয় কবে?—১৭৮৭ খ্রীষ্টাব্দে।

জ্যুলজিক্যাল গার্ডেন তৈরী হয় কবে?—১৮৭৬ খ্রীষ্টাব্দে।

কলকাতার রিজার্ভ ব্যাঙ্ক স্থাপিত হয় কবে?—১৯৩৫ সালের ১লা এপ্রিল।

রাজভবন তৈরী হয় কবে?—ক্যাপ্টেন ওয়াটসের নকসায় রাজভরন তৈরী শুরু হয় ১৭৯৯ সালে এবং ১৮০৩ সালে শেষ হয়।

সি. এম. ডি. এ.-র পুরো নাম কি এবং কবে স্থাপিত হয়?—ক্যালকাটা মেট্রোপলিটন ডেভ্লপমেণ্ট অথরিটি (C.M.D.A) স্থাপিত হয় ১৯৭৭ সালে। এই সরকারি প্রতিষ্ঠানটি যথাক্রমে রাজপথ, বহুতল বিশিষ্ট বাড়ী, উপনগরী স্থাপন, সাবওয়ে, ফ্লাইওভার, পয়োঃপ্রণালী, স্কুলবাড়ী প্রভৃতি স্থাপন ও নির্মাণ করে চলেছে।

বৃহত্তর কলকাতা বলতে কি বুঝায়?—কলকাতা নগরীকে কেন্দ্র করে

উত্তর, পূর্ব ও দক্ষিণে অনেক দূর পর্যন্ত শহর গড়ে উঠেছে, এবং ঐ জায়গা-গুলিই বৃহত্তর কলকাতার সৃষ্টি করেছে।

সি. আই. টি. এর পুরো নাম কি ও কবে স্থাপিত হয় ?— ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট (C. I. T.)। ১৯১১ সালে স্থাপিত হয়। কলকাতা নগরের উন্নতি সাধন ও সংস্কারের জন্য এই স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানের তৈরী।

কলকাতায় কার মোটর গাড়ীর নম্বর নেই। রাজ্যপালের।

কলকাতার সর্বোচ্চ বাড়ি কোনটি ? চ্যাটার্জী ইনটারন্যাশনাল সেণ্টার (২২ তলা), চৌরঙ্গী রোডের উপর অবস্থিত।

কলকাতায় আবহাওয়া নির্ণয় করিবার অফিস কোথায় ? আলিপুরে।

জাহাজ মেরামতের ডক্ কোথায় ? খিদিরপুরের গার্ডেনরীচে।

কলকাতার কয়টি রুটে সরকারি বাস চলে ? ৩৭টি রুটে।

কলকাতার এশিয়াটিক সোসাইটি কত সালে স্থাপিত হয় ? ১৮৮৪ সালে।

কলকাতার টাউন হল কত সালে স্থাপিত হয় ? ১৮০৪ সালে।

হাওড়ার ব্রীজ নির্মাণ হয় কবে ? ১৯৩৭ সালে আরম্ভ ও ১৯৪৩ সালে শেষ হয়।

কলকাতার দূরদর্শন (T. V.) কবে চালু হয় ? ১৯৭৫ সালের ৯ই আগস্ট।

পাতাল রেল কি ? মাটির নীচে রেল চলাচলের ব্যবস্থাকেই পাতাল-রেল বলে।

কলকাতায় পাতাল রেল কবে চালু হয় ? ১৯৮৪ খ্রীষ্টাব্দের মে মাসে। বর্তমানে এসপ্লানেড থেকে টালিগঞ্জ পর্যন্ত এই রেলপথ চালু হয়েছে।

এই রেল প্রকল্পের উদ্বোধন করেন কে ? প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ১৯৭২ খ্রীস্টাব্দের ২৯শে ডিসেম্বর কলকাতার ময়দানে এই রেল প্রকল্পের উদ্বোধন করেন।

এই রেলে দৈনিক যাত্রী বহন ক্ষমতা কত ? ১৫ লক্ষের উপরে।

প্রতি ট্রেনে কতগুলি কোচ রয়েছে ? ৮টি।

এই রেলপথে কতগুলি স্টেশন থাকছেঃ ১৭টি, ১। দমদম ২। বেলগাছিয়া ৩। শ্যামবাজার ৪। শোভাবাজার ৫। গিরিশ পার্ক ৬। মহাত্মাগান্ধী রোড ৭। সেন্টাল এভিনিউ ৮। চাঁদনীচক ৯। এসপ্লানেড ১০। পার্ক স্ট্রীট ১১। ময়দান ১২। রবীন্দ্র সদন ১৩। ভবানীপুর ১৪। যতীন দাস পার্ক ১৫। কালিঘাট ১৬। ররীন্দ্র সরোবর ১৭। টালিগঞ্জ।

স্টেশনগুলির গড় দূরত্ব কত? ১·০৩ কিঃ মিঃ।

চক্ররেল প্রকল্প কি? কলিকাতা নগরীকে বেষ্টন করে যে ৩৬ কিলোমিটার ব্যাপী রেলপথ প্রকল্প গ্রহণ করা হয়েছে সেটাই চক্ররেল প্রকল্প।

কে পরিকল্পনা করেছিলেন? প্রয়াত মুখ্যমন্ত্রী ডঃ বিধানচন্দ্র রায়।

প্রথম পর্যায়ে চক্ররেল কবে চালু হয়? ১৯৮৪ খ্রীস্টাব্দের ১৬ই আগষ্ট উল্টাডাঙ্গা থেকে প্রিন্সেপ ঘাট পর্যন্ত প্রথম পর্যায়ের চক্ররেল চালু হয়।

কয়টি স্টেশন রয়েছে? ৮টি। উল্টাডাঙ্গা, টালাপার্ক, বাগবাজার, শোভাবাজার, বড়বাজার, বি· বি· ডি. বাগ, ইডেন গার্ডেন, প্রিন্সেপ ঘাট। এ ছাড়া বেলগাছিয়া থেকে দমদম এবং প্রিন্সেপ ঘাট থেকে মাঝেরহাট পর্যন্ত দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে।

কলকাতায় কয়টি সুইমিংপুল আছে? ৫টি। গোলদীঘি (কলেজ-স্কোয়ার)আজাদ হিন্দ বাগ (হেদুয়া) রবীন্দ্র সরোবর (লেক গার্ডেন) বিধান নগর সুইমিং এ্যাসোসিয়েশন (সল্টলেক) ও সুভাষ সরোবর (বেলেঘাটা)।

কলকাতা থেকে দূরপাল্লার বাস কোথা থেকে ছাড়ে? এসপ্লানেড থেকে।

কোথায় বিমান চালান শেখানো হয়? বেহালা ফ্লাইং ক্লাবে।

কোথায় বড় বড় শিল্প কারখানা দেখা যায়? হাইড রোড ও তারাতলায়।

কলকাতার ডাকঘর ও পিনকোড নম্বর দেওয়া হল।

জেনারেল পোস্ট অফিস (জি পি ও)	৭০০০০১	শ্যামবাজার	৭০০০০৪
		হাটখোলা	৭০০০০৫
কাশীপুর	৭০০০০২	বিডন স্ট্রীট	৭০০০০৬
বাগবাজার	৭০০০০৩	বড়বাজার	৭০০০০৭

বরিশা	৭০০০০৮	বেলগাছিয়া	৭০০০৩৭
রাজা রামমোহন রায় সরণী	৭০০০০৯	সাহাপুর	৭০০০৩৮
বেলেঘাটা	৭০০০১০	তিলজলা	৭০০০৩৯
নারকেলডাঙ্গা	৭০০০১১	রিজেন্ট পার্ক	৭০০০৪০
বহুবাজার	৭০০০১২	পশ্চিম পুঁটিয়ারী	৭০০০৪১
ধর্মতলা	৭০০০১৩	কসবা	৭০০০৪২
এন্টালী	৭০০০১৪	এস. ই. রোড	৭০০০৪৩
ট্যাংরা	৭০০০১৫	বদরতলা	৭০০০৪৪
পার্ক স্ট্রীট	৭০০০১৬	লেক গার্ডেন	৭০০০৪৫
সার্কাস এভিনিউ	৭০০০১৭	গোবিন্দ খটিক রোড	৭০০০৪৬
বটতলা	৭০০০১৮	নাকতলা	৭০০০৪৭
বালিগঞ্জ	৭০০০১৯	শ্রীভূমি	৭০০০৪৮
লালা লাজপৎ রায় সরণী	৭০০০২০	নিমতা	৭০০০৪৯
ফোর্ট উইলিয়াম	৭০০০২১	সিঁথি	৭০০০৫০
হেস্টিংস স্ট্রীট	৭০০০২২	বিরাটি	৭০০০৫১
খিদিরপুর	৭০০০২৩	কলিকাতা এয়ারপোর্ট	৭০০০৫২
গার্ডেনরীচ	৭০০০২৪	নিউ আলিপুর	৭০০০৫৩
ভবানীপুর	৭০০০২৫	কাঁকুরগাছি	৭০০০৫৪
কালীঘাট	৭০০০২৬	বাঙ্গুর এভিনিউ	৭০০০৫৫
আলিপুর	৭০০০২৭	বেলঘরিয়া	৭০০০৫৬
দমদম	৭০০০২৮	আড়িয়াদহ	৭০০০৫৭
শরৎ বোস রোড	৭০০০২৯	কামারহাটি	৭০০০৫৮
ঘুঘুডাঙ্গা	৭০০০৩০	দেশবন্ধু নগর	৭০০০৫৯
ঢাকুরিয়া	৭০০০৩১	পর্ণশ্রী পল্লী	৭০০০৬০
যাদবপুর বিশ্ববিদ্যালয়	৭০০০৩২	সরশুনা	৭০০০৬১
টালিগঞ্জ	৭০০০৩৩	রাজভবন	৭০০০৬২
বেহালা	৭০০০৩৪	ঠাকুরপুকুর	৭০০০৬৩
আলমবাজার	৭০০০৩৫	সল্টলেক	৭০০০৬৪
বরাহনগর	৭০০০৩৬	রবীন্দ্রসদন	৭০০০৬৫

বিধাননগর	৭০০০৬৬	প্রিন্সেপ ষ্ট্রীট	৭০০০৭২
উল্টাডাঙ্গা	৭০০০৬৭	চিত্তরঞ্জন এভিনিউ	৭০০০৭৩
যোধপুর পার্ক	৭০০০৬৮	মতিঝিল	৭০০০৭৪
এসপ্লানেড	৭০০০৬৯	সন্তোষপুর	৭০০০৭৫
কালাকার স্ট্রীট	৭০০০৭০	দক্ষিণেশ্বর	৭০০০৭৬
মিডলটন রো	৭০০০৭১	বেদিয়াপাড়া	৭০০০৭৭

স্বাধীনতার আগে কোন কোন বাঙালী কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হয়েছিলেন? - স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায় (১৮৯০-৯২), স্যার আশুতোষ মুখোপাধ্যায় (১৯০৬-১৩), দেবপ্রসাদ সর্বাধিকারী (১৯১৪ ১৬), নীলরতন সরকার (১৯১৮-২০), স্যার আশুতোষ মুখোপাধ্যায় (১৯২১-২২), ভূপেন্দ্রনাথ বসু (১৯২৩-২৪), স্যার যদুনাথ সরকার (১৯২৬-২৭), হাসান সোরাবর্দি (১৯৩০-৩৩), শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় (১৯৩৫-৩৭), স্যার মহম্মদ আজিজুল হক (১৯৩৮-৪১), ডাঃ বিধানচন্দ্র রায় (১৯৪২-৪৩), রাধা-বিনোদ পাল (১৯৪৪-৪৫), প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় (১৯৪৫-৪৬)।

কলকাতা হাইকোর্টের প্রথম প্রধান বিচারপতি কে?—কর্ণেল কিফ।

কলকাতার হাইকোর্টের সর্বশেষ ইংরেজ বিচারপতি কে?—জেমস রকসবারগ।

স্বাধীনতার পর হাইকোর্টের প্রধান বিচারপতি কে?—ফণিভূষণ চক্রবর্তী।

কলকাতা হাইকোর্টের প্রথম মহিলা বিচারপতি কারা?—পদ্মা খাস্তগীর ও মঞ্জুলা বসু।

কলকাতা মহাজাতি সদনের প্রতিষ্ঠাতা কে?—নেতাজী সুভাষচন্দ্র বসু।

কলকাতা থেকে প্রথম প্রকাশিত সংবাদপত্রের নাম কি?—বেঙ্গল গেজেট। জেমস আগাস্টান হিকি সম্পাদিত এই পত্রিকাটি ১৭৮০ খ্রীস্টাব্দে প্রথম প্রকাশিত হয় এবং ভারতের প্রথম মুদ্রিত সংবাদপত্র।

কলকাতা থেকে প্রকাশিত প্রধান প্রধান দৈনিক সংবাদপত্র কী কী?—বাংলা: আনন্দবাজার, যুগান্তর, দৈনিক বসুমতী, বর্তমান, আজকাল, কালান্তর, ভারতকথা, গণশক্তি। ইংরেজি: দি স্টেটস্ম্যান, অমৃতবাজার পত্রিকা, দি টেলিগ্রাফ।

হিন্দী ঃ বিশ্বামিত্র, সম্মার্গ, লোকমান্য, বিশ্ববন্ধু। **গুরুমুখী ঃ** দেশদর্পণ। **উর্দু ঃ** আজাদ হিন্দ, ইক্‌রা, আকরে মাশরিক, দাওয়াত, আসরে জাদিদ।

কলকাতায় প্রকাশিত পত্র পত্রিকা কী কী? দেশ, পরিবর্তন, প্রতিক্ষণ, সানন্দা, সুকন্যা, আলোকপাত, মনোরমা, কিশোর মন, আনন্দমেল, আনন্দলোক, রবিবার (হিন্দী), সান্‌ডে (ইংরেজী), পয়েন্ট কাউন্টারপয়েন্ট (ইংরেজী), চতুরঙ্গ, পক্ষিরাজ, নীলকমল, লালকমল, কিশোর জ্ঞান বিজ্ঞান শুকতারা, নবকল্লোল, জ্যোতিষ সিদ্ধান্ত, উল্টোরথ, সিনেমা জগৎ, খেলার আসর, খেলা, স্পোর্টস ওয়ার্ল্ড (ইংরেজী), অনুস্টুপ, এক্ষন, বারোমাস, কৃত্তিবাস, কবিপত্র, এবং এই সময়, চিত্রবীক্ষণ, অনীক, উৎস মানুষ, উস্রি, গল্পগুচ্ছ, পশ্চিমবঙ্গ (সরকারি), যুব মানস (সরকারি), নন্দন, সচিত্র পূর্বায়ণ।

কলকাতা থেকে প্রকাশিত ইংরেজি দৈনিক পত্রিকার মধ্যে সবচেয়ে প্রাচীন পত্রিকা কী কী? স্টেটস্‌ম্যান (আগের নাম ইংলিশম্যান), অমৃত বাজার।

কলকাতা থেকে প্রকাশিত বাংলা দৈনিক পত্রিকার মধ্যে প্রাচীন পত্রিকা কী কী? আনন্দবাজার ও যুগান্তর পত্রিকা।

কলকাতায় সবচেয়ে বেশী প্রচারিত দৈনিক পত্রিকা কোনটি? আনন্দ বাজার (আঞ্চলিক ভাষায় ভারতের মধ্যে প্রথম) এর পরে যুগান্তর পত্রিকা।

বিড়লা প্লানেটোরিয়াম কী? প্রজেক্টরের সাহায্যে এখানে সৌরজগতের নিখুঁত প্রতিচ্ছবি দেখানো হয়।

কলকাতা কর্পোরেশনের মেয়র কারা কারা ছিলেন? দেশবন্ধু চিত্তরঞ্জন দাস (১৯২৪), দেশপ্রিয় যতীন্দ্রমোহন সেনগুপ্ত (১৯২৫-২৭), বি, কে, বসু (১৯২৮), দেশপ্রিয় যতীন্দ্রমোহন সেনগুপ্ত (১৯২৯-৩০), নেতাজী সুভাষচন্দ্র বসু (১৯৩১), ডাঃ বিধানচন্দ্র রায় (১৯৩১-৩২), সন্তোষ কুমার বসু (১৯৩৩), নলিনীরঞ্জন সরকার (১৯৩৪), এ, কে, ফজলুল হক (১৯৩৫), হরিশঙ্কর পাল (১৯৩৬), সনৎ কুমার রায়চৌধুরী (১৯৩৭), এ, কে, এম, জ্যাকারিয়া (১৯৩৮), নিশীথচন্দ্র সেন (১৯৩৯), আবদুর রহমান সিদ্দিকি (১৯৪০), হেমচন্দ্র নস্কর (১৯৪১), ফণীন্দ্রনাথ ব্রহ্ম (১৯৪২), সৈয়দ বদরুজ্জোহা (১৯৪৩), আনন্দলাল পোদ্দার (১৯৪৪), দেবেন্দ্রলাল দত্ত (১৯৪৫), আদম ওসমান (১৯৪৬), সুধীরচন্দ্র রায় চৌধুরী (১৯৪৭), পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীন (১৯৪৮-

৫১), নির্মলচন্দ্র চন্দ্র (১৯৫২), নরেশনাথ মুখার্জী (১৯৫৩-৫৫), সতীশচন্দ্র ঘোষ (১৯৫৫-৫৬), ডাঃ ত্রিগুণা সেন (১৯৫৭-৫৮) বিজয়কুমার ব্যানার্জী (১৯৫৯), কেশবচন্দ্র বসু (১৯৬০) রাজেন্দ্রনাথ মজুমদার (১৯৬১-৬২) চিত্তরঞ্জন চ্যাটার্জী (১৯৬৩-৬৪) ডাঃ প্রীতিকুমার রায় চৌধুরী (১৯৬৫-৬৬), গোবিন্দচন্দ্র দে (১৯৬৭-৬৮), প্রশান্ত শূর (১৯৬৯-৭০), শ্যামসুন্দর গুপ্ত (১৯৭১)। ১৯৭১ সালের পর থেকে পঃ বঃ সরকারের পরিচালনাধীন।

তারপরে ১৯৮৫ সালে নূতন মেয়র হলেন কমল বসু এবং ডেপুটি মেয়র মনি সান্যাল।

কলকাতা কর্পোরেশনের অল্ডারম্যান, চেয়ারম্যান, ও বোরো কমিটিতে কতজন কাউন্সিলার আছেন? ওল্ডারম্যান ৭ জন, চেয়ারম্যান ১ জন এবং ১৫ জন কাউন্সিলার বোরো কমিটিতে আছেন।

কলকাতার বিখ্যাত হোটেল ও রেস্টুরেণ্ট কী কী? গ্র্যাণ্ডহোটেল, পার্ক হোটেল, হিন্দুস্থান ইন্টারন্যাশনাল, এয়ারপোর্ট হোটেল, গ্রেট ইস্টান হোটেল, চাঙওয়াহ রেস্টুরেণ্ট, অম্বর রেস্টুরেণ্ট, সাবির রেস্টুরেণ্ট, কফি হাউস, বসন্ত কেবিন, আমিনা রেস্টুরেণ্ট ও তাজ হোটেল (তৈরী হচ্ছে)।

কলকাতার সিনেমা হল কী কী? মেট্রো, রাধা, প্রাচী, পূরবী, মিনার, শ্রী, পূর্ণ, বিজলী, ছবিঘর. জ্যোতি, মির্নাভা, লাইট হাউস, নিউএম্পায়ার, যমুনা, টাইগার, গ্লোব, টকিশো হাউস, গ্রেস, নন্দন, জেম, প্রিয়া, জয়া, বীণা, খান্না, নিউসিনেমা, লোটাস, রূপবাণী, অরুণা, ভারতী, গণেশটকীজ, সোসাইটি, ইন্দিরা, উজ্জ্বলা, মেনকা, ভবানী, জগৎ, রক্সি, মিত্রা।

কলকাতার থিয়েটার হল কী কী? রবীন্দ্র সদন, স্টার, শিশির মঞ্চ, অ্যাকাডেমি অব্ ফাইন আর্টস, রঙ্গনা, বিশ্বরূপা, রঙমহল, কাশীবিশ্বনাথ মঞ্চ, সারকারিনা, মির্নাভা থিয়েটার, প্রতাপ মঞ্চ, কলামন্দির, অহীন্দ্র মঞ্চ, তপন থিয়েটার, সুজাতা সদন, ইউনিভার্সিটি ইনস্টিটিউট, রামমোহন হল।

কলকাতায় প্রথম ক্রিকেট খেলা কবে হয়?—১৭৯৩ খ্রীস্টাব্দে।

কলকাতার পয়োনালী ব্যবস্থার শুরু কত সালে? ১৮৯৬ সালে। ১৯৭৫ সালে দ্বিতীয় দফায় কাজ শুরু হয়।

পুরোনো কলকাতা শহরের আধুনিকীকরণের দুই রূপকার কে?—উইলিয়াম ক্লার্ক ও জেম্‌স কিম্বার।

কলকাতার পুরোনো গ্রন্থাগার কী কী ?—জাতীয় গ্রন্থাগার [ন্যাশনাল লাইব্রেরী] (১৯০২) স্কটিশচার্চ কলেজ লাইব্রেরী (১৮৩০) বেথুন কলেজ লাইব্রেরী (১৯৪৯) প্রেসিডেন্সি কলেজ লাইব্রেরী (১৮৫৫) তালতলা পাবলিক লাইব্রেরী (১৮৮২) চৈতন্য লাইব্রেরী (১৮৮৫) বঙ্গীয় সাহিত্য পরিষদ গ্রন্থাগার (১৮৯৩), রামমোহন লাইব্রেরী (১৯০৫) বয়েজ ওন্ লাইব্রেরী, কলিকাতা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার (১৮৭৪) এশিয়াটিক সোসাইটি (১৮৮৪)।

কলকাতায় কবে প্রথম টাঁকশাল স্থাপিত হয় ?—১৭৫৭ খ্রীস্টাব্দে।

কলকাতার সর্বোচ্চ স্মৃতিসৌধ কী কী ?—শহীদ মিনার, ভিক্টোরিয়া মেমোরিয়াল ও সেন্ট পলস্ ক্যাথিড্র্যাল।

কলকাতায় প্রথম টেলিফোন কবে চালু হয় ?—১৮২২ খ্রীষ্টাব্দে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে ?—জেমস উইলিয়াম কলভিল।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বাঙালী উপাচার্য কে ?—স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়।

কলকাতায় শারদ সম্মান পুরস্কার কারা আয়োজন করেন ?—এশিয়ান পেন্টস। শ্রেষ্ঠ প্রতিমা, শ্রেষ্ঠ প্যাণ্ডেল ও শ্রেষ্ঠ আলোকসজ্জার জন্য ১৯৮৫ সাল থেকে এই পুরস্কার দেওয়া হচ্ছে।

উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলা

এই জেলার সীমানা কী ?—উত্তরে—নদীয়া, পূর্বে—বাংলাদেশ, দক্ষিণে বঙ্গোপসাগর, পশ্চিমে—কলিকাতা ও হুগলী নদী।

আয়তন ও লোকসংখ্যা কত ?—আয়তন ১৩৭৯৬ বর্গ কিলোমিটার এবং লোকসংখ্যা ১,০৭,২৬,৭৫১।

মহকুমা কয়টি ও কী কী ? ৬টি—১। আলিপুর (সদর) ২। ব্যারাকপুর ৩। বসিরহাট ৪। বারাসাত ৫। বনগ্রাম ৬। ডায়মণ্ডহারবার।

উৎপন্ন দ্রব্য কী কী ?—ধান, পাট, কলাই, সরিষা, নারিকেল, সুপারী, মাছ, দামী কাঠ, গোলপাতা, মোম, মধু।

প্রধান নদ নদী কী কী ? হুগলী, বিদ্যাধরী, ইছামতি, যমুনা, রায়মঙ্গল ও কালিন্দী।

উল্লেখযোগ্য স্থান সমূহ ঃ—

যাদবপুর ঃ বিশ্ববিদ্যালয়, যক্ষ্মা হাসপাতাল, ইণ্ডিয়ান ইনস্টিটিউট ফর দি কালটিভেশন অব্ সায়েন্স, ন্যাশনাল ইনস্টুমেণ্ট, গ্লাস, সিরামিক রিসার্চ ইনস্টিটিউট, জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, বেঙ্গল ইলেকট্রিক ল্যাম্প ওয়ার্কস, স্কুল অব্ প্রিণ্টিং টেকনোলজি আছে।

আলিপুর ঃ জেলার সদর শহর, ভবানীভবন, আবহাওয়া অফিস ন্যাশনাল লাইব্রেরী, চিড়িয়াখানা, টাঁকশাল, কোর্ট ও আলিপুর জেল আছে।

দক্ষিণেশ্বর ঃ রাণী রাসমণি প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বর কালী মন্দির [রামকৃষ্ণদেবের সাধনা ক্ষেত্র] এবং উইমকো [দেশলাই কারখানা]।

দমদম ঃ কলিকাতা বিমানবন্দর [আন্তর্জাতিক], এয়ারপোর্ট হোটেল, জেস্প কারখানা, অডিন্যান্স ফ্যাক্টরী, পেপার মিল।

ব্যারাকপুর ঃ হুগলী নদীর তীরে মহাত্মা গান্ধীর চিতাভস্মের উপর নির্মিত স্মৃতিস্তম্ভ [গান্ধীঘাট], পুলিশ ট্রেনিং কলেজ, সামরিক বিমানবন্দর, রাজভবন ও কোর্ট আছে।

ফেজারগঞ্জ ঃ সুন্দরবন অঞ্চলে অবস্থিত স্বাস্থকরস্থান। পর্যটন কেন্দ্র।

বকখালি ঃ সমুদ্র তীরবর্তী পর্যটন স্থান। পশ্চিমবঙ্গের কুমির প্রকল্প এখানে গড়ে উঠেছে।

ডায়মণ্ডহারবার ঃ বিখ্যাত পোতাশ্রয়, বাণিজ্য কেন্দ্র।

কাশীপুর ও ইছাপুর ঃ গান এণ্ড শেল [অস্ত্রশস্ত্র তৈরীর কারখানা] ফ্যাক্টরী।

হালিশহর ঃ সাধক রামপ্রসাদের জন্মস্থান।

কাঁটালপাড়া ঃ সাহিত্য সম্রাট ঋষি বঙ্কিমচন্দ্রের জন্মস্থান।

কাঁচরাপাড়া ঃ রেল মেরামতের কারখানা।

ফলতা ঃ এশিয়ার বৃহত্তম বাণিজ্য কেন্দ্র তৈরী হচ্ছে।

হাওড়া জেলা

এই জেলার সীমানা কী ?—উত্তরে—হুগলী জেলা, পূর্বে—হুগলী নদী, দক্ষিণ ও পশ্চিমে—রূপনারায়ণ ও মেদিনীপুর জেলা।

আয়তন ও লোকসংখ্যা কত ?—আয়তন ১৪৭৪ বর্গ কিলোমিটার ও লোকসংখ্যা ২,৯৫৭,৪৬৪ জন।

মহকুমা কয়টি ও কী কী ?—১। হাওড়া (সদর) ২। উলুবেড়িয়া।

উৎপন্ন দ্রব্য কী কী ?—ধান, পাট, পান, নারকেল ও ফুল।

প্রধান নদ নদী ?—হুগলী, রূপনারায়ণ, দামোদর।

উলেখযোগ্য স্থান সমূহ ঃ

হাওড়া ঃ—পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম শহর ও বাণিজ্যকেন্দ্র, ভারত বিখ্যাত রেলষ্টেশন, বিখ্যাত হাওড়া ব্রীজ (রবীন্দ্র সেতু) জি, কে, ডব্লু সহ বিখ্যাত কলকারখানা আছে। একটি উড়ালপুল (বঙ্কিম সেতু) আছে।

শিবপুর ঃ—বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ, বোটানিকেল গার্ডেন।

বেলুড় ঃ—বেলুড়মঠ, রামকৃষ্ণ আশ্রম, অ্যালুমিনিয়ামের কারখানা।

লিলুয়া ঃ—রেল ইঞ্জিন মেরামতের কারখানা।

বালী ঃ—বিবেকানন্দ সেতু (বালী ব্রীজ)।

বাগনান ঃ এই জায়গা থেকে কিছু দূরে 'গাদিয়ারা' নামে একটি পর্যটন কেন্দ্র আছে।

হুগলি জেলা

এই জেলার সীমানা কী ? উত্তরে—বর্ধমান ও বাঁকুড়া জেলা, পূর্বে—হুগলী, দক্ষিণে—হাওড়া ও মেদিনীপুর জেলা, পশ্চিমে—মেদিনীপুর ও বাঁকুড়া জেলা।

আয়তন ও লোকসংখ্যা কত ?—আয়তন ৩১৪৫ বর্গ কিলোমিটার এবং লোকসংখ্যা ৩,৫৪৯,৮১৭ জন।

মহকুমা কয়টি ? ৪টি—১। হুগলী (সদর) ২। চন্দননগর ৩। আরামবাগ ৪। শ্রীরামপুর।

প্রধান উৎপন্ন দ্রব্য কী কী ?—ধান, পাট, আলু, কলাই, আখ,।

প্রধান নদ নদী কী কী?—হুগলী, দামোদর, রূপনারায়ণ, মুণ্ডেশ্বরী, দ্বারকেশ্বর।

উল্লেখযোগ্য স্থান সমুহ ঃ

হুগলী ঃ—হুগলী ইমামবাড়া (হাজি মহম্মদের স্মৃতি বিজড়িত ইমামবাড়া), মহসীন কলেজ। দানবীর গৌরীসেনের জন্মস্থান।

চুঁচড়া ঃ—বিখ্যাত ঘড়ির মোড়, রবীন্দ্রভবন, কোর্ট।

শ্রীরামপুর ঃ—পাট, কাপড়ের কল, টেক্সটাইল ইনস্টিটিউট, সেণ্টওলাফ গীর্জা। শ্রীরামপুর মিশন প্রেস।

